৪২

দৈনিক সংবাদ

তারিখ FEB. 2 7 1999
পৃষ্ঠা ৭ কলাম ৮

# পাবনায় নিরক্ষর জনগোষ্ঠীকে অশিক্ষার অভিশাপ থেকে মুক্ত করার জন্য সাক্ষরতা আন্দোলন শুরু

॥ হাবিবুর রহমান স্বপন ॥

পাবনা ঃ নিরক্ষর জনগোষ্ঠীকে অশিক্ষার অভিশাপ থেকে মুক্ত করার লক্ষ্যে পাবনার সার্বিক স্বাক্ষরতা আন্দোলন (টিএলএম) কর্মসূচির প্রাথমিক কাজ শুরু হয়েছে। এই কর্মসূচির নামকরণ হয়েছে "প্রদীপ্ত পাবনা।" কর্মসূচির অধীন জেলার ৯টি থানায় ৭ লাখ ৫০ হাজার ৬শ' ৫৯ জন নিরক্ষরকে স্বাক্ষরজ্ঞান ও হাতে কলমে লিখতে এবং পড়তে পারে এমন শিক্ষা দেয়া হবে। এ জন্য ১১ কোটি ৬ লাখ ১৮ হাজার টাকার বেশি ব্যয় হবে।

বিগত সরকারের সময় টিএলএম কর্মসূচি শুরু করার কথা থাকলেও অজ্ঞাত কারণে তা হয়নি। কর্মসূচি বাস্তবায়নের জন্য ১৯৯৭ সালের ১৫ই সেপ্টেম্বর পাবনার বিভিন্ন পর্যায়ে ব্যক্তিত্ব, সংগঠন, সরকারি ও বেসরকারি কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, এনজিও, পেশাজীবী সংগঠন ও সাংবাদিকদের নিয়ে এক সভা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়। এই সভায় একটি কমিটি গঠন করা হয়।

পাবনা জেলার পাবনা সদর, ঈশ্বরদী, সুজানগর, ভাঙ্গুড়া, ফরিদপুর, চাটমোহর, আটঘড়িয়া, সাঁথিয়া ও বেড়া- এই ৯টি থানার মধ্যে এই টিএলএম কর্মসূচির আওতায় ৫টি থানা নির্বাচন করা হয়েছে। থানাগুলো হচ্ছে পাবনা সদর, ঈশ্বরদী, সুজানগর, ফরিদপুর ও ভাঙ্গুড়া। অন্য ৪টি থানার নিরক্ষরকে শিক্ষিত করার জন্য সরকারি সহায়তায় বিভিন্ন এনজিও কাজ করছে। অধিক স্বাক্ষরতা আন্দোলন বা টিএলএম বা প্রদীপ্ত পাবনা উল্লিখিত ৫টি থানার ৩ লাখ ৯০ হাজার ৬শ' ২৪ জন (১১ থেকে ৪৫ বছর বয়সের) নিরক্ষর জনগোষ্ঠীকে নিরক্ষরমুক্ত করা হবে। এজন্য ৫টি থানার ৩৮টি ইউনিয়নে ১৩ হাজার ২০টি শিক্ষাকেন্দ্র, ৬শ' ৬৮টি ব্লক নির্ধারণ করা হয়েছে। এজন্য ১৩ হাজার ২০ জন শিক্ষক ৮শ' ৬৮ জন সুপার ভাইজার নিয়োগের প্রাথমিক নির্বাচনী কাজ শুরু হয়েছে। প্রতি ১৫টি শিক্ষাকেন্দ্রের একজন সুপারভাইজার নিয়োগ করা হবে।

প্রতি কেন্দ্রে থাকবে ২৫ থেকে ৩০ জন শিক্ষার্থী। সার্বিক খরচের জন্য একটি বাজেট প্রণয়ন করা হয়েছে। ১১ কোটি ৬ লাখ ১৮ হাজার ৪শ' ৬৭ টাকা ২০ পয়সার বাজেটটি সরকারের উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ গত ১লা ডিসেম্বর '৯৮ অনুমোদন করে। শিক্ষার্থী মাথাপিছু ব্যয় হবে ২শ' ৮৩ দশমিক ১৮ টাকা। মেয়াদকাল ধরা হয়েছে ৯ মাস। অর্থাৎ ৯ মাসে এলাকার সকল নিরক্ষর মানুষকে শিক্ষা দেয়া হবে। ৬টি খাতে এসব টাকা ব্যয় করা হবে। প্রদীপ্ত পাবনা এই কর্মসূচিকে সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার জন্য জেলা, থানা, ইউনিয়ন ও শিক্ষাকেন্দ্র কমিটি গঠন করা হচ্ছে। ইতোমধ্যে ডাক, তার, টেলিযোগাযোগ এবং গৃহায়ন পূর্তমন্ত্রী মোহাম্মদ নাসিমকে প্রধান ও তথ্য প্রতিমন্ত্রী অধ্যাপক আবু সাইয়িদকে বিশেষ উপদেষ্টা করে ৭ সদস্যবিশিষ্ট উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। কমিটির অপর সদস্যরা হচ্ছেন ৫ জন সাংসদ রফিকুল ইসলাম বকুল, ওয়াজিউদ্দিন খান, শামসুর রহমান শরীফ ডিলু, এ. কে. খন্দকার ও অধ্যাপিকা জান্নাতুল ফেরদৌস।

জেলা প্রশাসক মোঃ মাহবুবুর রহমানকে সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসককে (সার্বিক) সাধারণ সম্পাদক করে প্রাথমিক পর্যায়ে ১শ' ১৮ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া জেলা পর্যায়ে ১০টি উপ-কমিটি গঠন করা হয়েছে।